RG – Geo.(B & E)

Question Paper Sl. No.

# 2024

# GEOGRAPHY

**Time – Three Hours Fifteen Minutes**

*(First* ***FIFTEEN*** *minutes for reading the question paper only)*

**Full Marks – 90**

(For Regular and Sightless Regular Candidates)

**Full Marks – 100**

(For External and Sightless External Candidates)

*Special credit will be given for answers which are brief and to the point.*

*Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.*

( 'ক' বিভাগ থেকে 'চ' বিভাগ পর্যন্ত প্রদত্ত প্রশ্ন নিয়মিত ও বহিরাগত সব পরীক্ষার্থীদের জন্য এবং 'ছ' বিভাগে প্রদত্ত প্রশ্ন শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য)

'ক' বিভাগে সকল প্রশ্ন আবশ্যিক, অন্য বিভাগে বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়। 'চ' বিভাগে কেবলমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের বিকল্প প্রশ্নের নির্দেশ অনুযায়ী উত্তর লিখবে। অন্য সকলে মানচিত্র চিহ্নিত করবে।

## বিভাগ 'ক'

১। **বিকল্পগুলির থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো ঃ** ১x১৪ =১৪

১.১ একটি বহির্জাত প্রক্রিয়ার উদাহরণ হলো —

(ক) ভূমিকম্প (খ) অগ্ন্যুৎপাত

(গ) পাত সঞ্চালন (ঘ) আবহবিকার

১.২ পার্বত্য হিমবাহের শীর্ষদেশে হিমবাহ ও পর্বত গাত্রের মধ্যে সঙ্কীর্ণ ও গভীর ফাটলগুলিকে বলে —

(ক) বার্গস্রুন্ড (খ) ক্রেভাস

(গ) অ্যারেট (ঘ) সার্ক



www.neucademy.com

১.৩ বায়ুমন্ডলের যে স্তরে আবহাওয়ার গোলযোগ দেখা যায় সেই স্তরটি হলো —

(ক) স্ট্র্যাটোস্ফিয়ার (খ) মেসোস্ফিয়ার

(গ) ট্রপোস্ফিয়ার (ঘ) আয়নোস্ফিয়ার

১.৪ বৈপরীত্য উত্তাপ সংঘটিত হয়, যখন —

(ক) উচ্চতা বৃদ্ধিতে উষ্ণতা বৃদ্ধি পায়

(খ) উচ্চতা বৃদ্ধিতে উষ্ণতা হ্রাস পায়

(গ) উচ্চতা বৃদ্ধি বা হ্রাসে উষ্ণতা অপরিবর্তিত থাকে

(ঘ) অক্ষাংশের মান বৃদ্ধিতে উষ্ণতা বৃদ্ধি পায়

১.৫ ভূপৃষ্ঠের কোনো একটি স্থানের জোয়ারের সঙ্গে ভাটার সময়ের পার্থক্য হলো —

(ক) ৬ ঘন্টা (খ) ৬ ঘন্টা ১৩ মিনিট

(গ) ৬ ঘন্টা ৩০ মিনিট (ঘ) ৬ ঘন্টা ৪৫ মিনিট

১.৬ সমুদ্রের যে স্থানে উষ্ণ ও শীতল স্রোত উভয়ে মিলিত হয় তাকে বলে —

(ক) হিমানী সম্প্রপাত (খ) হিমশৈল

(গ) হিমপ্রাচীর (ঘ) হিমগুল্ম

১.৭ বিষাক্ত নয় এমন একটি বর্জ্য পদার্থের উদাহরণ হলো —

(ক) ধানের খোসা (খ) ফ্লাই অ্যাশ

(গ) পলিথিন (ঘ) ক্যাডমিয়াম

১.৮ ভারতের উত্তরের পার্বত্য অঞ্চলে অবস্থিত একটি লবণাক্ত হ্রদের নাম হলো—

(ক) ডাল হ্রদ (খ) নৈনিতাল

(গ) উলার হ্রদ (ঘ) প্যাংগং হ্রদ

১.৯ ভারতের একটি মুখ্য বৃষ্টিচ্ছায় অঞ্চল হলো—

(ক) শিলং মালভূমি (খ) হিমালয়ের পাদদেশ অঞ্চল

(গ) পূর্বঘাট পর্বতের পূর্ব ঢাল (ঘ) ছোটোনাগপুর মালভূমি



www.neucademy.com

১.১০ ব্যাসল্ট শিলার আবহবিকারের ফলে সৃষ্ট মৃত্তিকা হলো—

(ক) লোহিত মৃত্তিকা
(খ) পলি মৃত্তিকা
(গ) কৃষ্ণ মৃত্তিকা
(ঘ) ল্যাটেরাইট মৃত্তিকা

১.১১ ভারতের কেন্দ্রীয় কার্পাস গবেষণা কেন্দ্রটি অবস্থিত —

(ক) লক্ষ্ণৌ
(খ) নাগপুর
(গ) কটক
(ঘ) মুম্বই

১.১২ বনজভিত্তিক শিল্পের একটি উদাহরণ হলো —

(ক) কাগজ শিল্প
(খ) লৌহ-ইস্পাত শিল্প
(গ) দোহন শিল্প
(ঘ) পেট্রোরসায়ন শিল্প

১.১৩ 'ভারতের ডেট্রয়েট' বলে পরিচিত —

(ক) জামশেদপুর
(খ) আহমেদাবাদ
(গ) পুনে
(ঘ) চেন্নাই

১.১৪ উপগ্রহ চিত্রে নদী ও জলাশয় যে রং - এর সাহায্যে নির্দেশ করা হয় তা হলো —

(ক) সবুজ
(খ) লাল
(গ) গাঢ় নীল
(ঘ) হলুদ

## বিভাগ 'খ'

২। ২.১ নিম্নলিখিত বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো : ১x৬ = ৬

(যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও)

২.১.১ নদীর উৎস অঞ্চলে ধারণ অববাহিকা সৃষ্টি হয়।

২.১.২ ঝুলন্ত উপত্যকা নদীর ক্ষয়কার্যের ফলে গঠিত হয়।

২.১.৩ সমুদ্র বায়ু সন্ধ্যাবেলায় প্রবাহিত হয়।

২.১.৪ হিমালয়ের দুটি উল্লেখযোগ্য উদ্ভিদ হলো গরান ও গোলপাতা।

২.১.৫ গোদাবরী নদী গ্রস্ত উপত্যকার মধ্য দিয়ে প্রবাহিত।

২.১.৬ আর্সেনিক একটি বিষাক্ত বর্জ্য পদার্থ।

২.১.৭ মহাকাশে প্রেরিত ভারতের প্রথম কৃত্রিম উপগ্রহের নাম অ্যাপেলো।



www.neucademy.com

২. ২. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও): ৬X১ = ৬

২.২.১ প্রপাতকূপ (প্লাঞ্জপুল) সৃষ্টি হয়________ এর পাদদেশে।

২.২.২ বায়ুপ্রবাহ ও সমুদ্রস্রোত বিক্ষিপ্ত হয় ________ শক্তির প্রভাবে।

২.২.৩ নিরক্ষীয় অঞ্চলে________ ধরনের বৃষ্টিপাত সংঘটিত হয়।

২.২.৪ শীতল________ স্রোতের প্রভাবে নিউফাউন্ডল্যান্ড অঞ্চলে শীতকালে তুষারপাত হয়।

২.২.৫ ব্যবহৃত ইঞ্জেকশন সিরিঞ্জ একটি________ বর্জ্য।

২.২.৬ ন্যাপথা________ শিল্পের প্রধান কাঁচামাল।

২.২.৭ ২০১১ খ্রিস্টাব্দের আদমসুমারি অনুসারে ভারতে সর্বনিম্ন জনঘনত্ব সম্পন্ন রাজ্যটি হল________।

২.৩ একটি বা দুটি শব্দে উত্তর দাও (যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও): ১X৬ = ৬

২.৩.১ চুনাপাথরযুক্ত অঞ্চলে নদীর ক্ষয়কার্যে কোন প্রক্রিয়ার প্রাধান্য দেখা যায়?

২.৩.২ বায়ুমন্ডলের কোন স্তরে মেরুপ্রভা দেখা যায়?

২.৩.৩ কোন মহাসাগরে ঋতু পরিবর্তনের ফলে সমুদ্রস্রোতের দিক পরিবর্তিত হয়?

২.৩.৪ কর্ণাটকের ব্যবচ্ছিন্ন মালভূমির নাম লেখো।

২.৩.৫ কোন শক্তিশালী ক্রান্তীয় ঘূর্ণিঝড়ের প্রভাবে ২০২০ খ্রিস্টাব্দে দক্ষিণবঙ্গ ক্ষতিগ্রস্থ হয়েছে?

২.৩.৬ শ্বাসমূল কোন জাতীয় উদ্ভিদের একটি বৈশিষ্ট্য?

২.৩.৭ খনিজ তেল ও স্বাভাবিক গ্যাস বহনে কোন পরিবহন মাধ্যম খুবই উপযোগী?

২.৩.৮ ভূবৈচিত্র্যসূচক মানচিত্রে যে কাল্পনিক রেখার সাহায্যে ভূমির উচ্চতা দেখানো হয় তার নাম লেখো।

২.৪. বামদিকের সঙ্গে ডানদিকের গুলি মিলিয়ে লেখো: ১x৪ = ৪

| বামদিক | ডানদিক |
|---|---|
| ২.৪.১ কাশ্মীর উপত্যকা | ১। আল্পীয় উদ্ভিদ |
| ২.৪.২ লুনি নদী | ২। সংকর ইস্পাত কেন্দ্র |
| ২.৪.৩ রডোডেনড্রন | ৩। জাফরান |
| ২.৪.৪ সালেম | ৪। রাজস্থান |



www.neucademy.com

## বিভাগ 'গ'

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ২X৬ = ১২

৩.১ নগ্নীভবনের সংজ্ঞা দাও।

অথবা

'কার্যকারী সৌর বিকিরণ' বলতে কী বোঝো ?

৩.২ 'আপেক্ষিক আর্দ্রতার' সংজ্ঞা দাও।

অথবা

'অ্যাপোজি জোয়ার' বলতে কী বোঝো ?

৩.৩ 'কঠিন বর্জ্য' পদার্থের সংজ্ঞা দাও।

অথবা

বর্জ্যের পৃথকীকরণ কী ?

৩.৪ 'কয়াল' বলতে কী বোঝো ?

অথবা

কোন দুইটি নদী মিলিত হয়ে গঙ্গানদীর সৃষ্টি করেছে ?

৩.৫ বহুমুখী নদী পরিকল্পনার সংজ্ঞা দাও।

অথবা

'শিকড় আলগা শিল্প' বলতে কী বোঝো ?

৩.৬ দূর সংবেদনের সংজ্ঞা দাও।

অথবা

'জিও স্টেশনারি উপগ্রহ' বলতে কী বোঝো ?

## বিভাগ 'ঘ'

৪. সংক্ষিপ্ত ব্যাখ্যামূলক উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয়) ঃ ৩X৪ = ১২

৪.১ হিমরেখার উচ্চতা সর্বত্র এবং সব ঋতুতে সমান হয় না কেন ?

অথবা

ঘূর্ণবাত ও প্রতীপ ঘূর্ণবাতের মধ্যে পার্থক্য লেখো।



www.neucademy.com

৪.২ জৈব ভঙ্গুর ও জৈব অভঙ্গুর বর্জ্যের পার্থক্য লেখো ।

অথবা

পরিবেশের উপর বর্জ্যের তিনটি প্রভাব সংক্ষেপে আলোচনা করো ।

৪.৩ মৃত্তিকা সংরক্ষণের যে কোন তিনটি পদ্ধতি উল্লেখ করো ।

অথবা

ভারতীয় কৃষির মুখ্য তিনটি সমস্যা আলোচনা করো ।

৪.৪ ভূবৈচিত্র্যসূচক মানচিত্র ও উপগ্রহ চিত্রের তিনটি প্রধান পার্থক্য উল্লেখ করো ।

অথবা

ভূবৈচিত্র্যসূচক মানচিত্রে ব্যবহৃত বিভিন্ন ধরনের স্কেলের উল্লেখ করো ।

## বিভাগ 'ঙ'

( দৃষ্টিহীন পরীক্ষার্থীদের ক্ষেত্রে চিত্রাঙ্কন আবশ্যিক নয় )

**৫। ৫.১ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **৫X২ = ১০**

৫.১.১ বায়ুর ক্ষয়কার্যের ফলে গঠিত তিনটি প্রধান ভূমিরূপ চিত্রসহ বর্ণনা করো ।

৫.১.২ পৃথিবী পৃষ্ঠে বিশ্ব উষ্ণায়নের গুরুত্বপূর্ণ প্রভাবগুলি আলোচনা করো ।

৫.১.৩ ভূমধ্যসাগরীয় জলবায়ুর প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

৫.১.৪ পৃথিবীর বিভিন্ন স্থানে সমুদ্রস্রোতের প্রধান পাঁচটি প্রভাব আলোচনা করো ।

**৫.২ যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও ঃ** **৫X২ = ১০**

৫.২.১ ভারতের ক্রান্তীয় চিরহরিৎ অরণ্য এবং ক্রান্তীয় মরু উদ্ভিদের বৈশিষ্ট্যের উপর জলবায়ুর প্রভাব আলোচনা করো ।

৫.২.২ ভারতে ইক্ষু চাষের অনুকূল প্রাকৃতিক পরিবেশের বর্ণনা করো ।

৫.২.৩ ভারতের পশ্চিমাঞ্চলে কার্পাস বয়ন শিল্পের উন্নতির কারণগুলি ব্যাখ্যা করো ।

৫.২.৪ ভারতের পরিবহন ব্যবস্থার প্রধান পাঁচটি গুরুত্ব আলোচনা করো ।



www.neucademy.com

## বিভাগ 'চ'

৬. **প্রশ্নপত্রের সাথে প্রদত্ত ভারতের রেখা-মানচিত্রে নিম্নলিখিতগুলি উপযুক্ত প্রতীক ও নামসহ চিহ্নিত করে মানচিত্রটি উত্তরপত্রের সঙ্গে জুড়ে দাও ঃ** ১x১০ = ১০

৬.১ মেঘালয় মালভূমি

৬.২ মালাবার উপকূল

৬.৩ নর্মদা নদী

৬.৪ শীতকালীন মৌসুমি বৃষ্টিপাত যুক্ত অঞ্চল

৬.৫ একটি লবণাক্ত মৃত্তিকা অঞ্চল

৬.৬ ভারতের কেন্দ্রীয় বনভূমি গবেষণা কেন্দ্র

৬.৭ পূর্ব ভারতের একটি চা উৎপাদক অঞ্চল

৬.৮ উত্তর ভারতের বৃহত্তম মোটরগাড়ী নির্মাণ শিল্প কেন্দ্র

৬.৯ পূর্ব উপকূলের একটি স্বাভাবিক বন্দর

৬.১০ বেঙ্গালুরু ।

অথবা

( শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য )

৬. **যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১x১০ = ১০

৬.১ ভারতের নবীনতম রাজ্য কোনটি ?

৬.২ মালাবার উপকূলে অবস্থিত একটি উপহ্রদের নাম লেখো ।

৬.৩ সিন্ধু নদের একটি উপনদীর নাম উল্লেখ করো ।

৬.৪ বৃষ্টির জল সংরক্ষণে ভারতের কোন রাজ্য প্রথম স্থানের অধিকারী ?

৬.৫ পাঞ্জাবের শীতকালীন বৃষ্টিপাতের উৎস কী ?

৬.৬ ডেকানট্র্যাপ অঞ্চলে কোন ধরণের মৃত্তিকা দেখা যায় ?

৬.৭ ভারতের প্রধান কফি গবেষণাগারটি কোথায় অবস্থিত ?



www.neucademy.com

৬.৮ গম উৎপাদনে ভারতের কোন রাজ্য প্রথম স্থানের অধিকারী ?

৬.৯ ভারতের সর্ববৃহৎ পেট্রোরসায়ন শিল্প কেন্দ্রটি কোথায় অবস্থিত ?

৬.১০ কোন শহরকে দক্ষিণ ভারতের ম্যাঞ্চেস্টার বলা হয় ?

৬.১১ পশ্চিমবঙ্গের বৃহত্তম শহরের নাম লেখো ।

৬.১২ আয়তন অনুসারে ভারতের বৃহত্তম রাজ্য কোনটি ?

৬.১৩ ভারতের একটি নদীবন্দরের নাম লেখো ।

৬.১৪ পশ্চিমবঙ্গের আন্তর্জাতিক বিমান বন্দরের নাম কি ?

## বিভাগ 'ছ'

( শুধুমাত্র বহিরাগত পরীক্ষার্থীদের জন্য )

**৭.১ যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ** **২x৩ = ৬**

৭.১.১ সুন্দরবনের দুটি দ্বীপের নাম লেখো ।

৭.১.২ মন্থকূপ কিভাবে সৃষ্টি হয় ।

৭.১.৩ 'লু' কী ?

৭.১.৪ তেজস্ক্রিয় বর্জ্যের সংজ্ঞা দাও ।

**৭.২. যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও ঃ** **১x৪ = ৪**

৭.২.১ রাজস্থানের একটি হ্রদের নাম লেখো ।

৭.২.২ ভারতের কোন্ অরন্যে সুন্দরী গাছ জন্মায় ?

৭.২.৩ উত্তর - পূর্ব ভারতের সর্বাধিক বন্যাপ্রবণ নদী অববাহিকার নাম লেখো ।

৭.২.৪ ভারতে উৎপাদিত একটি বাগিচা ফসলের নাম করো ।

৭.২.৫ কোন মহানগরটি সোনালি চতুর্ভুজের উত্তর দিকে অবস্থিত ?



www.neucademy.com